



## রেস্তোরাঁ মালিকদের জন্য OATH সংক্রান্ত তথ্য

### আমার রেস্তোরাঁটি কবে পরিদর্শন করা হবে?

নিউ ইয়র্ক সিটির (NYC) প্রতিটি খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানের সাইটে বছরে অন্তত একবার অঘোষিত পরিদর্শন করা হয়। রেস্তোরাঁটি খাবার বা পানীয় গ্রহণ বা প্রস্তুত করছে, অথবা জনসাধারণের জন্য খোলা রয়েছে এমন যেকোনো সময়েই পরিদর্শক পরিদর্শন করতে পারেন।

### পরিদর্শক যা বলেছেন, আমি কি তার সাথে ভিন্নমত পোষণ করতে পারি?

হ্যাঁ। নিউ ইয়র্ক সিটির আইন আপনাকে OATH-এ অনুষ্ঠিত একটি প্রশাসনিক শুনানিতে পরিদর্শকের যেকোনো পর্যবেক্ষণ বা সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার সুযোগ প্রদান করে।

### আমার লেটার গ্রেড কীভাবে নির্ধারণ করা হয়?

পরিদর্শনের সময় পরিলক্ষিত NYC স্বাস্থ্য বিধি, অথবা অন্যান্য NYC আইন, নিয়ম বা প্রবিধানের প্রতিটি লঙ্ঘন নির্দিষ্ট পরিমাণ "পয়েন্ট"-এর সাথে যুক্ত। জনসাধারণের জন্য লঙ্ঘনের ঝুঁকি যত বেশি থাকে, তত বেশি পয়েন্ট বরাদ্দ করা হয়। পরিদর্শন শেষে, পরিদর্শন স্কোরের জন্য পয়েন্টগুলিকে একসাথে যোগ করা হয়। কম পরিদর্শন স্কোর মানে ভালো লেটার গ্রেড এবং কম জরিমানা। লেটার গ্রেডের পরিসর নিম্নরূপ: মোট স্কোর 0-13 পয়েন্ট = "A" গ্রেড; 14-27 পয়েন্ট = "B" গ্রেড; এবং 28 বা তার বেশি পয়েন্ট = "C" গ্রেড।

**দ্রষ্টব্য:** আপনার পরিদর্শন স্কোর যত কম হবে, স্বাস্থ্য বিভাগ তত কম ঘন ঘন আপনার সাইট পরিদর্শন করবে। বছরের প্রথম পরিদর্শনে আপনি যদি 14-এর কম পয়েন্ট পান, তাহলে আপনি অবিলম্বে চূড়ান্ত 'A' গ্রেড পাবেন এবং উক্ত পরিদর্শনের ফলে আরোপিত সমস্ত জরিমানা মুকুব করা হবে। বছরের প্রথম পরিদর্শনের সময় আপনি যদি 14 বা তার বেশি পয়েন্ট পান, তাহলে আপনার সাইটে পুনরায় পরিদর্শন করা হবে। এরপর আপনি একটি "গ্রেড কার্ড" এবং একটি "গ্রেড পেন্ডিং কার্ড" পাবেন। আপনার OATH শুনানির তারিখ না হওয়া পর্যন্ত আপনি যেকোনো একটি কার্ড পোস্ট করতে পারেন। আপনার পুনঃপরিদর্শনে আপনি যদি 14-এর কম পয়েন্ট পান, তাহলে সেই নির্দিষ্ট পরিদর্শন থেকে হওয়া সমস্ত জরিমানা মুকুব করা হবে।

আরও তথ্যের জন্য দেখুন:

- <https://www.nyc.gov/assets/doh/downloads/pdf/rii/restaurant-grading-faq.pdf>
- <https://www.nyc.gov/site/doh/business/food-operators/letter-grading-for-restaurants.page>

**দ্রষ্টব্য:** ভ্রাম্যমাণ খাদ্য বিক্রয় ইউনিট, অস্থায়ী খাদ্য পরিবেশন প্রতিষ্ঠান, প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয় দ্বারা পরিচালিত খাদ্য পরিবেশন প্রতিষ্ঠান, হাসপাতাল-পরিচালিত ক্যাফেটেরিয়া, সংশোধনমূলক কেন্দ্র, দাতব্য সংস্থা (যার অন্তর্ভুক্ত হলো 'সুপ কিচেন' বা প্রস্তুতকৃত খাদ্য বিতরণের অন্যান্য কর্মসূচি) কিংবা এমন কোনো অলাভজনক সদস্য-ভিত্তিক সংস্থা দ্বারা পরিচালিত খাদ্য পরিবেশন প্রতিষ্ঠান—যারা কেবল তাদের সদস্যদেরই খাদ্য পরিবেশন করে—সেসব ক্ষেত্রে কোনো 'লেটার গ্রেড' (বর্ণভিত্তিক গ্রেড) প্রদান করা হয় না।

জনস্বাস্থ্যের ঝুঁকির উপর নির্ভর করে লণ্ডঘনগুলি "গুরুতর" বা "সাধারণ" হতে পারে। গুরুতর লণ্ডঘনের ক্ষেত্রে অধিক পয়েন্ট দেওয়া হয়। লণ্ডঘনগুলি বিভিন্ন "অবস্থা" স্তরেরও হতে পারে। উদাহরণস্বরূপ, যদি আপনার রেস্টোঁরায় পরিদর্শনের সময় 3টি ফলের মাছি দেখা যায়, তাহলে আপনার রেস্টোঁরায় 20টি ফলের মাছি দেখা দেওয়ার তুলনায় এটির "অবস্থা" নিম্ন হতে পারে। "অবস্থা" যত উচ্চ হবে, আপনি তত বেশি পয়েন্ট পাবেন এবং আপনার জরিমানাও তত বেশি হতে পারে। পরিদর্শক কর্তৃক বর্ণিত "অবস্থাটি" যদি আপনার কাছে ভুল বলে মনে হয়, তাহলে আপনার শুনানির সময় OATH-এর শুনানি কর্মকর্তার নিকট বিষয়টি উপস্থাপন করার অধিকার আপনার রয়েছে।

## আমার সম্ভাব্য জরিমানা কীভাবে গণনা করা হয় এবং এটি কত বেশি হতে পারে??

সম্ভাব্য জরিমানার মাত্রাটি অভিযোগকৃত লণ্ডঘনের সংখ্যার ওপর, সেইসাথে সেগুলি 'গুরুতর' নাকি 'সাধারণ' প্রকৃতির, এবং অভিযোগকৃত 'অবস্থা'টির ওপর নির্ভর করে। প্রতিটি পরিলক্ষিত লণ্ডঘনের ফলে জরিমানা হতে পারে। আইন অনুসারে জরিমানা নির্ধারণ করা হয় এবং এর পরিমাণ 200 মার্কিন ডলার থেকে 2000 মার্কিন ডলার পর্যন্ত হতে পারে। যদি আপনাকে "পুনরাবৃত্ত" দোষী হিসেবে বিবেচনা করা হয়, তাহলে জরিমানা আরও বেশি হতে পারে।

## এমন কেউ কি আছেন যিনি আমাকে আমার OATH শুনানির জন্য সহায়তা করতে পারেন?

হ্যাঁ। আপনার যদি কোনও আইনজীবী বা অর্থপ্রদানকৃত, পেশাদার, নিবন্ধিত প্রতিনিধি না থাকে তাহলে আপনি OATH সহায়তা কেন্দ্রের প্রসিডিউরাল জাস্টিস কোঅর্ডিনেটরের সাথে বিনামূল্যে কথা বলতে পারেন। আপনার শুনানির জন্য প্রস্তুতি নিতে আপনাকে সাহায্য করার জন্য প্রসিডিউরাল জাস্টিস কোঅর্ডিনেটর আপনাকে আইনি তথ্য এবং সংস্থান প্রদান করতে পারেন। এই ব্যক্তির শুনানির প্রক্রিয়া, আপনার জন্য উপলভ্য বিকল্পসমূহ সম্পর্কে আপনাকে তথ্য প্রদান করতে পারবে, এবং আপনার কোনো প্রশ্ন থাকলে তার উত্তর দিতে পারবে। সহায়তা কেন্দ্রের প্রসিডিউরাল জাস্টিস কোঅর্ডিনেটরের সাথে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে বিকাল 5টা পর্যন্ত OATH-এর যেকোনও অবস্থানে সশরীরে, (212) 436-0845 নম্বরে টেলিফোনের মাধ্যমে, অথবা [Smallbizhelp@oath.nyc.gov](mailto:Smallbizhelp@oath.nyc.gov) এ ইমেলের মাধ্যমে OATH সহায়তা কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

### Bronx

260 E.161st Street, 6th FL  
Bronx, NY 10451

### Brooklyn

9 Bond Street, 7th FL  
Brooklyn, NY 11201

### Manhattan

66 John Street, 10th FL  
New York, NY 10038

### Queens

31-00 47th Avenue, 3rd FL  
Long Island City, NY 11101

### Staten Island

350 St. Marks Place, Main FL  
Staten Island, NY 10301